

# হাবিপ্রবির ৫৭৭ কোটি টাকার উন্নয়ন প্রকল্প অনুমোদনের সুপারিশ

হাবিপ্রবি প্রতিনিধি

প্রকাশিত: ১১:০১, ৩০ অক্টোবর ২০২৫



ছবি: দৈনিক জনকগ্র

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) উন্নয়ন শীর্ষক প্রকল্প বাংলাদেশ পরিকল্পনা কমিশনের Project Evaluation Committee (PEC), Pre-ECNEC সভায় অনুমোদনের সুপারিশ পেয়েছে। মোট ৫৭৬ কোটি ৯৬ লক্ষ টাকা ব্যয়ে প্রস্তাবিত এই প্রকল্পটি বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে একটি মাইলফলক অর্জন হিসেবে বিবেচিত হচ্ছে।

প্রকল্পের আওতায় বিশ্ববিদ্যালয়ে আধুনিক ও টেকসই শিক্ষা অবকাঠামো নির্মাণের পরিকল্পনা রয়েছে। এর মধ্যে রয়েছে ১২-তলা একাডেমিক ভবন, ছাত্র ও ছাত্রী হল, শিক্ষক-কর্মকর্তা আবাসন, প্রশাসনিক ভবনের ৪৬ ও ৫ম তলা সম্প্রসারণ, মেডিকেল সেন্টারের

১ম ও ২য় তলা সম্প্রসারণ, ২-তলা নিরাপত্তা অফিস কাম আনসার ব্যারাক, কনফারেন্স সুবিধাসহ আধুনিক জিমনেশিয়াম এবং মসজিদের অনুভূমিক সম্প্রসারণ। বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের প্ল্যানিং ডেভেলপমেন্ট এন্ড ওয়ার্কস সেকশনের পরিচালক প্রফেসর ড. মনিরুজ্জামান বাহাদুর।

জানা যায়, অভ্যন্তরীণ রাস্তা, ড্রেনেজ, সাব-স্টেশন, পানি সরবরাহ লাইন, গভীর নলকূপ, বাউন্ডারি ওয়াল ও ভূমি উন্নয়নসহ সার্বিক অবকাঠামো উন্নয়ন কাজও অন্তর্ভুক্ত রয়েছে।

প্রকল্পের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরি, অফিস ও আইটি সরঞ্জাম আধুনিকীকরণ করা হবে। এতে শিক্ষা ও গবেষণার মান উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, পরিকল্পনা বিভাগ এবং সংশ্লিষ্ট সকলকে এই অর্জনের জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন শিক্ষার্থীরা। প্রকল্পটি বাস্তবায়িত হলে হাবিপ্রবির একাডেমিক পরিবেশ আন্তর্জাতিক মানে উন্নীত হবে এবং আবাসন সংকট নিরসনসহ সার্বিক কার্যক্রমে গতি আসবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।

---

ନୋଭା